

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
২৮ শহীদ তাজ উদ্দিন আহমেদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮।  
[www.dgdlrs.gov.bd](http://www.dgdlrs.gov.bd)

স্মারক নং- ৩১.০৩.০০০০.০০৫.৩৩.০০৩.১৬. ৬০১

তারিখঃ ১১ এপ্রিল ২০১৭ খ্রি।

বিষয়ঃ আর এস খতিয়ান (RS-K) সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে বিসিসির সার্ভার ও সার্ভিসের সুবিধা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আর এস খতিয়ানের ইলেকট্রনিক রেকর্ডসমূহ জনগণের নিকট অনলাইনে প্রদর্শনের লক্ষ্যে এটুআই ও ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত সমঝোতা স্মারকের পরিপ্রেক্ষিতে একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে যার ফলে ভূমি অফিসসমূহে জনগণের যাতায়াত হ্রাস করা সম্ভব হবে এবং ভোগান্তি লাঘব হবে। এছাড়াও ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত সেবা প্রদানকারী সংস্থা প্রয়োজনীয় উপাত্তসমূহ অনলাইনে অবলোকনের মাধ্যমে সুষ্ঠুভাবে সেবা প্রদান করতে পারবে। ইতোমধ্যে সিস্টেমটির পাইলটিং এর জন্য মাগুরা ও সিলেট জেলাকে নির্বাচন করা হয়েছে এবং এ দুটি জেলার প্রায় দুই লক্ষ পঞ্চাশ হাজার খতিয়ান অনলাইনে প্রকাশ করা হয়েছে। বর্তমানে আরও ৫২,০০,০০০ (বায়ান্ন লক্ষ) খতিয়ান উক্ত সিস্টেমে আপলোড এর কার্যক্রম চলমান আছে। বর্তমানে উক্ত ডাটা সংরক্ষণের জন্য বিদ্যমান সার্ভার সম্প্রসারণ করা অতীব প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিস্টেম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে নিম্নবর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী ন্যূনতম ১০ টি ফিজিক্যাল সার্ভার এর ব্যবস্থা করার জন্য বিনীত অনুরোধ করা হ'ল।

RAM: 256 GB  
Core: 48 Core  
Storage: 2TB এর সাথে ৩০ টি IP

(ফায়েকুজ্জামান চৌধুরী)  
পরিচালক (ভূমি রেকর্ড)

ও  
অতিরিক্ত সচিব  
ফোনঃ (০২) ৮১৭০৪৮১

নির্বাহী পরিচালক  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)  
ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও,  
শেরে-বাংলানগর, ঢাকা-১২১৭।

অনুলিপিঃ জ্ঞাতার্থে

০১। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।

৪২৬